

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১০, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ পৌষ ১৪১৭ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ০৮-আইন/২০১১/৫৮৪-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ২০০-আইন/২০১০/৫৪৯-মূসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৭৪ এবং তদ্বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০৭৪ এবং তদ্বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“S০৭৪ S০৭৪.০০ স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী :

ব্যাখ্যা।—“স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” অর্থ পণ্যের বিনিময়ে কোন স্থান বা স্থাপনা কোন নির্দিষ্ট মেয়াদের জন্য

( ১৬৩ )

মূল্য : টাকা ২.০০

বাণিজ্যিকভাবে ব্যবহার করার অধিকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। নির্দিষ্ট মেয়াদান্তে নবায়নযোগ্য উক্তরূপ সুবিধা অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে। তবে সম্পূর্ণ আবাসিক কাজে ব্যবহারের জন্য প্রদত্ত সুবিধা এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত অনধিক ৩০০ বর্গফুট আয়তনের কোন স্থাপনা ইহার অন্তর্ভুক্ত হইবে না।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী মুহম্মদ জিয়াউদ্দীন

দ্বিতীয় সচিব (মুসক নীতি ও বাজেট)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)